

৩০০ ছাত্র

একজন

শিক্ষক

005

বাংলাদেশ সরকার যখন নিরক্ষরতা দূরীকরণে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন সে মুহুর্তে সকার লোহাজং উপজেলার বনসেমন্ত গ্রামের একমাত্র সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের লেখাপড়া চলছে দারুণ অবস্থায়।

যেখানে পাঁচটি শ্রেণী মিলিয়ে স্কুলের ছাত্র সংখ্যা প্রায় তিনশত সেখানে শিক্ষক আছেন মাত্র একজন। মাত্র এই একজন শিক্ষকের পক্ষে স্কুলের পাঁচটি শ্রেণী আর তার তিন শতের মতো ছাত্রীকে সামলানো যে কত কঠিন এবং তাতে তাদের লেখাপড়ার যে কতটুকু অগ্রগতি হবে তা সহজেই অনুমেয়। প্রসঙ্গত উল্লেখ্য যে এক মাস আগেও যিনি এ স্কুলের প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করেছেন এক কঠিন রোগে আক্রান্ত হয়ে তিন মত্ববরণ করেছেন। তার পর থেকেই স্কুলটি প্রধান শিক্ষকহীন অবস্থায় আছে। স্কুলটিতে এই শিক্ষক সমস্যা ছাড়াও আছে এর গৃহ সংস্কারের সমস্যা। বর্তমানে স্কুল ঘরটি প্রায় জরাজীর্ণ অবস্থায় আছে। অথচ উপজেলার অন্যান্য অনেক স্কুল সংস্কার করা হলেও এই বনসেমন্ত প্রাথমিক বিদ্যালয়টির সংস্কার বা উন্নয়নের কোন ব্যবস্থা হই আজো হয়নি। তাই এ বিষয়ে সংশ্লিষ্ট কত পক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং এ বিদ্যালয়ে আরো শিক্ষক নিয়োগ ও বিদ্যালয় গৃহটি সংস্কারের আশা ব্যবস্থা করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ গড়ে তুলতে অনুরোধ জানাচ্ছি।

শাহারুল ইসলাম  
(কৃষাদ)

গ্রাম—বনসেমন্ত,  
লোহাজং উপজেলা,